একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৫.৪১৫

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪৩২ / ০৮ ডিসেম্বর ২০২৫

**বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন/প্রণোদনা সহায়তা খাতে রবি মৌসুমে গমের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র : ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং-১২.০১.০০০০.১৬৬.০৫.০০০১.২০, তারিখ: ২৩-১১-২০২৫ খ্রি।
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৫.৪১১, তারিখ: ০৭-১২-২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে প্রণোদনা কর্মসূচির আওতায় গমের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষক/কৃষাণীদের মাঝে বিনামূল্যে গম বীজ, সার, প্রশিক্ষণ ও অন্যান্য উপকরণ সহায়তা বাবদ ৫০০.১৭৫ লক্ষ (পাঁচ কোটি সতেরো হাজার পাঁচশত) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ; ০৩ নং অনুচ্ছেদে প্রতি ব্যাচ প্রশিক্ষণের ব্যয় বিবরণী; ০৪ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ:

| ক্রমিক নং | উপকরণ/খাত | | জন প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | একক মূল্য (টাকা) | জন প্রতি/বিঘাপ্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বীজ | | ২০ | ৬৬.০০ | ১৩২০.০০ |
| ২ | সার | ইউরিয়া | ৩৫ | ২৫.০০ | ৮৭৫.০০ |
| | | টিএসপি | ২০ | ২৫.০০ | ৫০০.০০ |
| | | এমওপি | ১৮ | ১৮.০০ | ৩২৪.০০ |
| | | জিপসাম | ১৭ | ২০.০০ | ৩৪০.০০ |
| | | জিংক সালফেট | ১ | ১৮০.০০ | ১৮০.০০ |
| | | বোরণ সার | ১ | ৩৬০.০০ | ৩৬০.০০ |
| | | **উপমোট** | **১১২ (কেজি)** | | |
| ৪ | পরিবহন ব্যয় | | | ১.৫০ কেজি প্রতি | ১৬৮.০০ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | | | ১.০০ কেজি প্রতি | ১১২.০০ |
| ৬ | বীজ সংরক্ষণের ড্রাম | | ৩টি | ২০০০ | ৬০০০ |
| ৭ | সাইনবোর্ড | | ১টি | ১০০০ | ১০০০ |
| | মোট= | | | | ১১১৭৯.০০ টাকা |

০৩। প্রতি ব্যাচ প্রশিক্ষণের ব্যয় বিবরণী:

| ক্রমিক | বিবরণ | সংখ্যা | প্রশিক্ষণ ভাতা/একক মূল্য | টাকা |
|---|---|---|---|---|
| ১ | কৃষক | ২৫ | ৫০০ | ১২৫০০ |
| ২ | এসএএও | ৫ | ৮০০ | ৪০০০ |
| ৩ | রিসোর্স পারসোন | ৫ | ২৫০০ | ১২৫০০ |
| ৪ | সহায়তাকারী | ২ | ৪০০ | ৮০০ |
| ৫ | নাস্তা | ৪৫ | ৬৫ | ২৯২৫ |
| ৬ | দুপুরের খাবার | ৪৫ | ৩৫০ | ১৫৭৫০ |
| ৭ | ব্যানার | ১টি | ১০০০ | ১০০০ |
| ৮ | জ্বালানী | থোক | ৩০০০ | ৩০০০ |
| ৯ | প্রশিক্ষণ উপকরণ | ৩০ টি | ৫০ | ১৫০০ |
| | মোট= | | | ৫৩৯৭৫ টাকা |

০৪। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্রমিক নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন) | উপকরণের পরিমাণ (মেঃ টন): বীজ | ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | জিংক সালফেট | বোরণ | মোট সার | মোট উপকরণ | উপকরণের ব্যয় (লক্ষ টাকা): '৩২৫১১০৯-বীজ ও চারা': বীজ | '৩২৫১১০৫-সার': ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | জিংক সালফেট | বোরণ | মোট সার | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান': পরিবহণ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | সাইন বোর্ড ও বীজ সংরক্ষণ ড্রাম | প্রশিক্ষণ | মোট অন্যান্য ব্যয় | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী | ৩৫০ | ৭.০০ | ১২.২৫ | ৭.০০ | ৬.৩০ | ৫.৯৫ | ০.৩৫ | ০.৩৫ | ৩২.২০ | ৩৯.২০ | ৪.৬২ | ৩.০৬ | ১.৭৫ | ১.১৩ | ১.১৯ | ০.৬৩ | ১.২৬ | ৯.০৩ | ০.৫৯ | ০.৩৯ | ২৪.৫০ | ৭.৫৫৬৫ | ৩৩.০৩৬৫ | ৪৬.৬৮৩০ |
| ২ | নওগাঁ | ৩৫০ | ৭.০০ | ১২.২৫ | ৭.০০ | ৬.৩০ | ৫.৯৫ | ০.৩৫ | ০.৩৫ | ৩২.২০ | ৩৯.২০ | ৪.৬২ | ৩.০৬ | ১.৭৫ | ১.১৩ | ১.১৯ | ০.৬৩ | ১.২৬ | ৯.০৩ | ০.৫৯ | ০.৩৯ | ২৪.৫০ | ৭.৫৫৬৫ | ৩৩.০৩৬৫ | ৪৬.৬৮৩০ |
| ৩ | নাটোর | ৩৫০ | ৭.০০ | ১২.২৫ | ৭.০০ | ৬.৩০ | ৫.৯৫ | ০.৩৫ | ০.৩৫ | ৩২.২০ | ৩৯.২০ | ৪.৬২ | ৩.০৬ | ১.৭৫ | ১.১৩ | ১.১৯ | ০.৬৩ | ১.২৬ | ৯.০৩ | ০.৫৯ | ০.৩৯ | ২৪.৫০ | ৭.৫৫৬৫ | ৩৩.০৩৬৫ | ৪৬.৬৮৩০ |
| ৪ | চাঁপাই নবাবগঞ্জ | ৩৫০ | ৭.০০ | ১২.২৫ | ৭.০০ | ৬.৩০ | ৫.৯৫ | ০.৩৫ | ০.৩৫ | ৩২.২০ | ৩৯.২০ | ৪.৬২ | ৩.০৬ | ১.৭৫ | ১.১৩ | ১.১৯ | ০.৬৩ | ১.২৬ | ৯.০৩ | ০.৫৯ | ০.৩৯ | ২৪.৫০ | ৭.৫৫৬৫ | ৩৩.০৩৬৫ | ৪৬.৬৮৩০ |
| ৫ | পাবনা | ৩৫০ | ৭.০০ | ১২.২৫ | ৭.০০ | ৬.৩০ | ৫.৯৫ | ০.৩৫ | ০.৩৫ | ৩২.২০ | ৩৯.২০ | ৪.৬২ | ৩.০৬ | ১.৭৫ | ১.১৩ | ১.১৯ | ০.৬৩ | ১.২৬ | ৯.০৩ | ০.৫৯ | ০.৩৯ | ২৪.৫০ | ৭.৫৫৬৫ | ৩৩.০৩৬৫ | ৪৬.৬৮৩০ |
| ৬ | দিনাজপুর | ৩২৫ | ৬.৫০ | ১১.৩৭৫ | ৬.৫০ | ৫.৮৫ | ৫.৫২৫ | ০.৩২৫ | ০.৩২৫ | ২৯.৯০ | ৩৬.৪০ | ৪.২৯ | ২.৮৪ | ১.৬৩ | ১.০৫ | ১.১১ | ০.৫৯ | ১.১৭ | ৮.৩৮ | ০.৫৫ | ০.৩৬ | ২২.৭৫ | ৭.০১৬৮ | ৩০.৬৭৬৮ | ৪৩.৩৪৮৫ |
| ৭ | ঠাকুরগাঁও | ৩৫০ | ৭.০০ | ১২.২৫ | ৭.০০ | ৬.৩০ | ৫.৯৫ | ০.৩৫ | ০.৩৫ | ৩২.২০ | ৩৯.২০ | ৪.৬২ | ৩.০৬ | ১.৭৫ | ১.১৩ | ১.১৯ | ০.৬৩ | ১.২৬ | ৯.০৩ | ০.৫৯ | ০.৩৯ | ২৪.৫০ | ৭.৫৫৬৫ | ৩৩.০৩৬৫ | ৪৬.৬৮৩০ |
| ১২ | পঞ্চগড় | ৩৫০ | ৭.০০ | ১২.২৫ | ৭.০০ | ৬.৩০ | ৫.৯৫ | ০.৩৫ | ০.৩৫ | ৩২.২০ | ৩৯.২০ | ৪.৬২ | ৩.০৬ | ১.৭৫ | ১.১৩ | ১.১৯ | ০.৬৩ | ১.২৬ | ৯.০৩ | ০.৫৯ | ০.৩৯ | ২৪.৫০ | ৭.৫৫৬৫ | ৩৩.০৩৬৫ | ৪৬.৬৮৩০ |
| ৮ | কুষ্টিয়া | ২০০ | ৪.০০ | ৭.০০০ | ৪.০০ | ৩.৬০ | ৩.৪০০ | ০.২০০ | ০.২০০ | ১৮.৪০ | ২২.৪০ | ২.৬৪ | ১.৭৫ | ১.০০ | ০.৬৫ | ০.৬৮ | ০.৩৬ | ০.৭২ | ৫.১৬ | ০.৩৪ | ০.২২ | ১৪.০০ | ৪.৩১৮০ | ১৮.৮৭৮০ | ২৬.৬৭৬০ |
| ৯ | মেহেরপুর | ৩৫০ | ৭.০০ | ১২.২৫ | ৭.০০ | ৬.৩০ | ৫.৯৫ | ০.৩৫ | ০.৩৫ | ৩২.২০ | ৩৯.২০ | ৪.৬২ | ৩.০৬ | ১.৭৫ | ১.১৩ | ১.১৯ | ০.৬৩ | ১.২৬ | ৯.০৩ | ০.৫৯ | ০.৩৯ | ২৪.৫০ | ৭.৫৫৬৫ | ৩৩.০৩৬৫ | ৪৬.৬৮৩০ |
| ১০ | ভোলা | ১২৫ | ২.৫০ | ৪.৩৭৫ | ২.৫০ | ২.২৫ | ২.১২৫ | ০.১২৫ | ০.১২৫ | ১১.৫০ | ১৪.০০ | ১.৬৫ | ১.০৯ | ০.৬৩ | ০.৪১ | ০.৪৩ | ০.২৩ | ০.৪৫ | ৩.২২ | ০.২১ | ০.১৪ | ৮.৭৫ | ২.৬৯৮৮ | ১১.৭৯৮৮ | ১৬.৬৭২৫ |
| ১১ | ফরিদপুর | ২০০ | ৪.০০ | ৭.০০০ | ৪.০০ | ৩.৬০ | ৩.৪০০ | ০.২০ | ০.২০ | ১৮.৪০ | ২২.৪০ | ২.৬৪ | ১.৭৫ | ১.০০ | ০.৬৫ | ০.৬৮ | ০.৩৬ | ০.৭২ | ৫.১৬ | ০.৩৪ | ০.২২ | ১৪.০০ | ৪.৩১৮০ | ১৮.৮৭৮০ | ২৬.৬৭৬০ |
| ১৩ | রাজবাড়ী | ১০০ | ২.০০ | ৩.৫০০ | ২.০০ | ১.৮০ | ১.৭০০ | ০.১০ | ০.১০ | ৯.২০ | ১১.২০ | ১.৩২ | ০.৮৮ | ০.৫০ | ০.৩২ | ০.৩৪ | ০.১৮ | ০.৩৬ | ২.৫৮ | ০.১৭ | ০.১১ | ৭.০০ | ২.১৫৯০ | ৯.৪৩৯০ | ১৩.৩৩৮০ |
| মোট | | ৩৭৫০ | ৭৫.০০ | ১৩১.২৫ | ৭৫.০০ | ৬৭.৫০ | ৬৩.৭৫ | ৩.৭৫ | ৩.৭৫ | ৩৪৫.০০ | ৪২০.০০ | **৮৯.৫০** | ৩২.৮১২৫ | ১৮.৭৫ | ১২.১৫ | ১২.৭৫ | ৬.৭৫ | ১৩.৫০ | **৯৬.৭১২৫** | ৬.৩০ | ৪.২০ | ২৬২.৫০ | ৮০.৯৬২৫ | **৩৫৩.৯৬২৫** | **৫০০.১৭৫০** |

০৫। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কৃষি মন্ত্রণালয়ের কৃষি পুনর্বাসন/প্রণোদনা কার্যক্রমে প্রথমবারের মত বিডাব্লিউএমআরআই এর অনুকূলে ২০২৫-২৬ অর্থবছর হতে গম বীজ উৎপাদন কর্মসূচি অন্তর্ভুক্ত করা হয়েছে। বিধায় জেলা পর্যায়ে বিদ্যমান জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিতে ও বিডাব্লিউএমআরআই এর বিভিন্ন গবেষণা বিভাগের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে এই কর্মসূচি বাস্তবায়ন করা হবে। এছাড়া প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়, রাজশাহী ও যশোর এর মাধ্যমে কর্মসূচির বাস্তবায়ন করা হবে;

৩. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি গবেষণা প্রতিষ্ঠান ও এনজিও এর সহায়তায় উপকারভোগী কৃষক নির্বাচন করা হবে। উপকারভোগী নির্বাচনের পর একটি তালিকা প্রস্তুত করা হবে। কর্মসূচির জন্য নির্বাচিত উপকারভোগীদের কৃষিকার্ড (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র, মোবাইল নম্বর সংগ্রহ করে মাস্টাররোল তৈরী করে উপকরণ বিতরণ করা হবে। প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে উপকরণ বিতরণ রেজিস্টার, কৃষক/কৃষাণীদের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষিত থাকবে। আঞ্চলিক কার্যালয় থেকে সকল কাগজপত্রের কপি প্রধান কার্যালয়ে প্রেরণ করা হবে। প্রণোদনা কর্মসূচির আওতায় উপকারভোগীদের তালিকা বিডাব্লিউএমআরআই এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে;

৪. এই কর্মসূচির আওতায় জেলা ভিত্তিক মোট ৩৭৫০ জন কৃষককে জনপ্রতি ১ বিঘা (৩৩ শতক) জমিতে গম বীজ উৎপাদনের জন্য বীজ ও অন্যান্য উপকরণ সহায়তা প্রদান করা হবে। সফলভাবে গম বীজ উৎপাদনের জন্য ৩৭৫০ জন কৃষককে মোট ১৫০ ব্যাচে (প্রতি ব্যাচে ২৫ জন কৃষক) গম বীজ উৎপাদন ও সংরক্ষণ বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। গম বীজ সংরক্ষণ করার জন্য প্রতি কৃষককে ৩টি করে প্লাস্টিক ড্রাম সরবরাহ করা হবে;

৫. প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে যথাযথভাবে অবহিতকরণ করতে হবে;

৬. প্রণোদনার আওতায় বারি গম ৩০, বারি গম ৩২, বারি গম ৩৩, বিডাব্লিউএমআরআই গম ১, বিডাব্লিউএমআরআই গম ২, বিডাব্লিউএমআরআই গম ৩ এবং বিডাব্লিউএমআরআই গম ৪ এর বীজ কৃষকদের মধ্যে সরবরাহ করা হবে। প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের বিজ্ঞানীগণ গম উৎপাদন মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় মাঠ পরিদর্শন করবেন এবং প্রতিবেদন প্রেরণ করবেন;

৭. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৮. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৯. পরিবহন খাতের অর্থ জেলা সদর হতে উপজেলার দূরত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজনপূর্বক উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন;

১০. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজ গুনগত মানসম্পন্ন উন্নত জাতের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১১. কর্মসূচির সার বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম/ বিসিআইসি থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থাতেই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না;

১২. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ১৩ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র/ বিডাব্লিউএমআরআই জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **ই-মেইল যোগে** (ddmonitoring@yahoo.com) প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ১৩ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। ২০২৫-২৬ অর্থবছরের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;

**১৪. সার, বীজ/চারা, আনুষঙ্গিক ব্যয় ও প্রশিক্ষণ বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং**

**১৫. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে; এবং**

**১৬. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ/ সারের বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ- | |

৬/১১/২৫
মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

জেলা প্রশাসক ও সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১৩ জেলা)।

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৫.৪১৫

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪৩২ / ০৮ ডিসেম্বর ২০২৫

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**।
৮. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৭. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব